গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৫৫/২০১৯-২০২০
ঢাকা ২৯ জানুয়ারি বুধবার ২০২০, ১৫ মাঘ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একনেকে ৯ প্রকল্প অনুমোদন
দক্ষ জনশক্তি তৈরির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী
২। দেশের উন্নয়নে প্রকৃতিক গ্যাসের ব্যবহার অব্যাহত রাখা হবে :
রাশিয়ার গ্যাস কোম্পানির প্রতিনিধিদলকে প্রধানমন্ত্রী
৩। বিডিএফ সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৪। আইডিইবি'র সম্মেলন আগামী ২ ফেব্রুয়ারি : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৫। ২০২১ সালের জুনে পদ্মাসেতু, ডিসেম্বরে মেট্রোরেল উদ্বোধন : সংসদে সেতুমন্ত্রী
৬। সারাদেশকে রেল নেটওয়ার্কের আওতায় আনা হবে : সংসদে রেলমন্ত্রী
৭। সংসদে বিকেএসপি বিল পাস
৮। গণমাধ্যমের দায়িত্ব বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন :
দৈনিক সকালের সময় পত্রিকার চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে স্পিকার
৯। গণমাধ্যমকে তরুণ প্রজন্মের জন্য আস্থার জায়গা তৈরি করতে হবে :
দৈনিক সকালের সময় পত্রিকার চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
১০। অনুকরণীয় উন্নত রাষ্ট্র হবে বাংলাদেশ : তথ্যমন্ত্রী
১১। বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি সারাবিশ্বে প্রশংসনীয় : আইনমন্ত্রী
১২। লক্ষ্যমাত্রা অর্জনে নির্দিষ্ট পরিকল্পনা থাকতে হবে :
পদ্মা ব্যাংকের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে অর্থমন্ত্রী
১৩। সরকারের প্রস্তুতি সত্ত্বেও চীনের নিষেধাজ্ঞা থাকায় উহান থেকে এখনই
বাংলাদেশিদের ফিরিয়ে আনা সম্ভব নয় : পররাষ্ট্রমন্ত্রী
১৪। করোনাভাইরাস প্রতিরোধে সরকারের সব ধরনের প্রস্তুতি রয়েছে : সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী
১৫। উহানসহ চীনে অবস্থানরত বাংলাদেশিদের চীন সরকারের নির্দেশনা মানার আহ্বান পররাষ্ট্র প্রতিমন্ত্রীর
১৬। করোনাভাইস প্রতিরোধে পদ্মাসেতু প্রকল্পে ১১শ' চীনা শ্রমিকের স্বদেশে যাওয়া-আসায় নিষেধাজ্ঞা
১৭। জালভোট-ব্যালট ছিনতাই বন্ধে ইভিএম : সিইসি
১৮। ভোটকেন্দ্রে সিসি ক্যামেরা সচল রাখার নির্দেশ ইসির

চলমান পাতা-২

১। একনেকে ৯ প্রকল্প অনুমোদন

দক্ষ জনশক্তি তৈরির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী

দক্ষ জনশক্তি তৈরির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আধুনিক যন্ত্রপাতি কেনার পাশাপাশি তা ব্যবহারে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগগুলোতে দক্ষ জনবল তৈরিরও নির্দেশনা দিয়েছেন তিনি। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর বৈঠকে তিনি এ নির্দেশনা দেন। সভায় ৪৩২৪ কোটি ৬১ লাখ টাকা ব্যয় সংবলিত ৯টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকারি তহবিল (জিওবি) থেকে ৪ হাজার ২৪৯ কোটি টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ৫ কোটি ৬৮ লাখ টাকা এবং বৈদেশিক উৎস থেকে ৬৯ কোটি ৮৪ লাখ টাকা ব্যয়ের লক্ষ্য রয়েছে। এর মধ্যে সরকারি তহবিল (জিওবি) থেকে ৪ হাজার ২৪৯ কোটি টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ৫ কোটি ৬৮ লাখ টাকা এবং বৈদেশিক উৎস থেকে ৬৯ কোটি ৮৪ লাখ টাকা ব্যয়ের লক্ষ্য রয়েছে। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

২। দেশের উন্নয়নে প্রকৃতিক গ্যাসের ব্যবহার অব্যাহত রাখা হবে :

রাশিয়ার গ্যাস কোম্পানির প্রতিনিধিদলকে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার দেশের বিদ্যমান প্রাকৃতিক গ্যাস অর্থনৈতিক উন্নয়ন এবং জনগণের কল্যাণে ব্যবহার অব্যাহত রাখবে। রাশিয়ার গ্যাজপ্রম গ্যাস কোম্পানির একটি প্রতিনিধিদল গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে গেলে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮) ।

৩। বিডিএফ সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

দুইদিনের বাংলাদেশ ডেভেলপমেন্ট ফোরাম (বিডিএফ) সম্মেলন ২০২০ শুরু হচ্ছে আজ (২৯ জানুয়ারি বুধবার)। সম্মেলনটির আয়োজন করেছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলন উদ্বোধন করবেন। **সূত্র- সংবাদ** (পৃ.১৪,ক.৫), **নিজউ টুডে** (পৃ.১,ক.৭),

৪। আইডিইবি'র সম্মেলন আগামী ২ ফেব্রুয়ারি : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

ইনস্টিটিউশন অভ্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স-বাংলাদেশের (আইডিইবি) তিন দিনব্যাপী ২৩তম জাতীয় সম্মেলন শুরু হচ্ছে আগামী ২ ফেব্রুয়ারি। সম্মেলন চলবে ৪ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলনের উদ্বোধন করবেন। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর কাকরাইলে আইডিইবি ভবনে এক সংবাদসম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

৫। ২০২১ সালের জুনে পদ্মাসেতু, ডিসেম্বরে মেট্রোরেল উদ্বোধন : সংসদে সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন,পদ্মাসেতু ২০২১ সালের জুন মাস থেকে যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করা হবে। সেতুটিতে ৪১টি স্টিল ট্রাসের মধ্যে ২০টি ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। আগামী জুলাইয়ের মধ্যে বাকি ২১টি ট্রাস স্থাপন করা হবে। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরে তিনি এসব কথা বলেন। অপর এক প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী বলেন, স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদ্‌যাপন বর্ষ ২০২১ সালের ১৬ ডিসেম্বর আওয়ামী লীগ সরকার দেশের প্রথম উড়াল মোট্রোরেলের সম্পূর্ণ অংশ আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১)।

৬। সারাদেশকে রেল নেটওয়ার্কের আওতায় আনা হবে : সংসদে রেলমন্ত্রী

রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, সারাদেশকে রেল নেটওয়ার্কের আওতায় আনা হবে। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। তিনি বলেন, দেশের ৪৪টি জেলায় বর্তমানে রেলপথ আছে। বাকি জেলগুলোতে রেলপথ স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের কাজ চলছে। তিনি আরো বলেন, ট্রেন ব্যবস্থাপনাকে ডিজিলাইজেশন করার প্রক্রিয়া চলমান। দুর্ঘটনারোধে দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের আরও সচেতনভাবে দায়িত্ব পালনের জন্য বিভিন্ন মোটিভেশনাল কার্যক্রম নেয়া হয়েছে। **সূত্র- আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.৭)।

৭। সংসদে বিকেএসপি বিল পাস

বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান (বিকেএসপি) অধ্যাদেশ রহিত করে বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান আইন-২০২০ বিল পাস করেছে সংসদ। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা সর্বসম্মতিক্রমে পাস হয়। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

৮। গণমাধ্যমের দায়িত্ব বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন :

দৈনিক সকালের সময় পত্রিকার চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, স্বাধীনতার পক্ষে বস্তুনিষ্ঠ সংবাদ সবার কাছে পৌঁছে দেয়া গণমাধ্যমের অন্যতম দায়িত্ব। দেশ ও জাতির কল্যাণে জনমত গঠনে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্ভীক সাংবাদিকতার মাধ্যমে বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ করতে হবে। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দৈনিক সকালের সময় পত্রিকার চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৭)।

৯। গণমাধ্যমকে তরুণ প্রজন্মের জন্য আস্থার জায়গা তৈরি করতে হবে :

দৈনিক সকালের সময় পত্রিকার চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গণমাধ্যমকে তরুণ প্রজন্মের জন্য আস্থার জায়গা তৈরি করতে হবে। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দৈনিক সকালের সময় পত্রিকার চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে অয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন । তিনি বলেন, দেশে গণমাধ্যমের ব্যাপক বিকাশ ঘটেছে। তবে কিছু অনলাইন গণমাধ্যমে গুজব ছড়ানোর পাশাপাশি অসত্য খবর প্রকাশ করা হয়। এতে জনমনে ব্যাপক বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। এগুলো বন্ধ করে সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে হবে। **সূত্র- আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.৭)।

১০। অনুকরণীয় উন্নত রাষ্ট্র হবে বাংলাদেশ : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, জাতির পিতা ও স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতিকে মাথা উঁচু করে চলতে শিখিয়েছেন। আমরা কাউকে অন্ধ অনুকরণ করতে চাই না, বরং আমরা এমন উন্নত রাষ্ট্র গড়তে চাই, যাতে অন্যদের কাছে অনুকরণীয় হতে পারি। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর জাতীয় প্রেসক্লাবে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবসের ভাষণ পর্যালোচনা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১১। বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি সারাবিশ্বে প্রশংসনীয় : আইনমন্ত্রী

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি সারাবিশ্বে প্রশংসনীয় বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সব নাগরিকের মৌলিক মানবাধিকার নিশ্চিত করেছেন। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর গুলশানের লেকশোর হোটেলে 'ইমপ্লিমেন্টেশন অভ্ দ্য থার্ড পেরিওডিক রিভিউ অভ্ বাংলাদেশ' শীর্ষক সেমিনার শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

১২। লক্ষ্যমাত্রা অর্জনে নির্দিষ্ট পরিকল্পনা থাকতে হবে :

পদ্মা ব্যাংকের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, লক্ষ্যমাত্রা অর্জনে নির্দিষ্ট পরিকল্পনা থাকতে হবে। ব্যাংকিং খাতের সবচেয়ে বড় পুঁজি হলো গ্রাহকের বিশ্বাস, যেটি ধরে রাখাটা একটা চ্যালেঞ্জ। অর্থমন্ত্রী আরো বলেন, পদ্মা ব্যাংক যদি দ্রুত ভালো করে, তাহলে তাদের দ্রুত পুঁজিবাজারের দিকে যাওয়া উচিৎ। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে পদ্মা ব্যাংকের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। **সূত্র- বণিক বার্তা** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

১৩। সরকারের প্রস্তুতি সত্ত্বেও চীনের নিষেধাজ্ঞা থাকায় উহান থেকে এখনই বাংলাদেশিদের ফিরিয়ে আনা সম্ভব নয় : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জানিয়েছেন, সরকারের প্রস্তুতি সত্ত্বেও চীনের নিষেধাজ্ঞা থাকায় করোনা ভাইরাসের উৎপত্তিস্থল উহান থেকে এখনই বাংলাদেশিদের ফিরিয়ে আনা সম্ভব হচ্ছে না। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) ঢাকায় এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, উহানে এখন প্রায় ৫০০ বাংলাদেশি ছাত্রছাত্রী রয়েছে। তাদের কেউ ফিরতে চাইলে দেশে ফিরিয়ে আনা হবে। ইতোমধ্যে প্রধানমন্ত্রী এ বিষয়ে নির্দেশনা দিয়েছেন। এ লক্ষ্যে আমরা বিমানও প্রস্তুত করে রেখেছি। এ ব্যাপারে চীনা সরকারের সঙ্গে আমাদের যোগাযোগ হয়েছে। কিন্তু তারা বলেছে যে আগামী দুই সপ্তাহ বাংলাদেশিদের আসতে দেবে না। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.৫,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

১৪। করোনাভাইরাস প্রতিরোধে সরকারের সব ধরনের প্রস্তুতি রয়েছে : সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী

চীন থেকে বিভিন্ন দেশে ছড়িয়ে পড়া সংক্রামক ব্যাধি করোনাভাইরাস প্রতিরোধে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী এ ভাইরাস নিয়ে আতঙ্কিত না হওয়ার পরামর্শ দিয়ে আরও বলেন, সবাই সতর্ক থাকুন, সরকারের সব ধরনের প্রস্তুতি আছে, ভয়ের কোনো কারণ নেই। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

১৫। উহানসহ চীনে অবস্থানরত বাংলাদেশিদের চীন সরকারের নির্দেশনা মানার আহ্বান পররাষ্ট্র প্রতিমন্ত্রীর

উহানসহ চীনে অবস্থানরত বাংলাদেশিদের চীন সরকারের নির্দেশনা মেনে চলার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহ্‌রিয়ার আলম। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) ফেসবুকে দেওয়া এক পোস্টে তিনি এ আহ্বান জানান। তাদের ফেরত আনা সম্পর্কে তিনি বলেন, কী ধরনের বিমান আমরা পাঠাব তা জানতে চেয়েছে চীন। যারা ফিরতে চান তাদের রেজিস্ট্রেশন শুরু হয়ে গেছে। আমরা দুই এক দিনের মধ্যেই সঠিক ধারণ ক্ষমতার বিমানটি নির্ধারণ করতে পারব। আমি অনুরোধ করব যে কয়েকটা দিন ফিরিয়ে আনতে সময় লাগবে সে সময় পর্যন্ত চীন সরকারের প্রতিটি নির্দেশনা মেনে চলার জন্য। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

১৬। করোনাভাইস প্রতিরোধে পদ্মাসেতু প্রকল্পে ১১শ' চীনা শ্রমিকের স্বদেশে যাওয়া-আসায় নিষেধাজ্ঞা

পদ্মাসেতু প্রকল্পে কর্মরত ১১০০ চীনা শ্রমিকের নিজ দেশে যাওয়ায় নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। গত ২২ জানুয়ারির পূর্বে যেসব শ্রমিক ছুটি কাটাতে চীনে গেছেন তাদের বাংলাদেশে আসতে নিষেধ করা হয়েছে। **সূত্র- সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮)।

১৭। জালভোট-ব্যালট ছিনতাই বন্ধে ইভিএম : সিইসি

নির্বাচনে জালভোট ও ব্যালট পেপার ছিনতাই বন্ধে ইলেকট্রিনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার করা হচ্ছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নূরুল হুদা। তিনি বলেন, ইভিএম ব্যবহার অবশ্যই যৌক্তিকতা আছে। ইভিএমের মাধ্যমেই ভোটার নিজের ভোট দিতে পারেন। আগে জালভোটের শঙ্কা ছিল। ব্যালট পেপার ছিনতাইয়ের শঙ্কা ছিল। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) সিদ্ধেশ্বরীর একটি কেন্দ্রে ইভিএম প্রদর্শনী দেখতে গিয়ে সাংবাদিদের কাছে তিনি এ মন্তব্য করেন । সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), সমকাল (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮)।

১৮। ভোটকেন্দ্রে সিসি ক্যামেরা সচল রাখার নির্দেশ ইসির

ভোটকেন্দ্র হিসেবে যেসব শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবহার হবে সেগুলোতে সিসি ক্যামেরা থাকলে তা সচল রাখতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ঐ সব সিসি ক্যামেরার মাধ্যমে ভোটগ্রহণ পরিস্থিতির রেকর্ড রাখতে চায় কমিশন। গতকাল (২৮ জানুয়ারি মঙ্গলবার) কমিশন সভা শেষে নির্বাচন কমিশনের সিনিয়র সচিব মো. আলমগীর এসব তথ্য জানান। **সূত্র- ইত্তেফাক** (পৃ.১,ক.২),**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** খাদ্য মন্ত্রণালয়ের ফুড প্ল্যানিং অ্যান্ড মনিটরিং ইউনিটের এক প্রতিবেদনে কৃষি গবেষণায় অপ্রতুল বরাদ্দের বিষয়টি উঠে এসেছে উল্লেখ করে বহুমুখী পুষ্টিচাহিদা পূরণ করতে ও খাদ্যদ্রব্য উৎপাদনে সম্পূর্ণ স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বাংলাদেশকে কৃষি গবেষণায় আরো গুরুত্ব প্রদানের সুপারিশ।

খ. **সমকাল :** আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশ রোহিঙ্গা সংকট মোকাবিলায় বাংলাদেশের পক্ষে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার উল্লেখ করে এর ব্যবহারে সর্বাত্মক প্রয়াস গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সান্ধ্য কোর্সে নামমাত্র ক্লাস-পরীক্ষায় অংশ নিয়ে সনদ পাচ্ছেন অনেকে উল্লেখ করে শিক্ষাকে মানসম্মতভাবে এগিয়ে নিতে সান্ধ্য কোর্স বন্ধ করার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন, যুগান্তর** : ওয়াসার পানিবাহী লরির ধাক্কায় পুরান ঢাকার ওয়ারি উচ্চ বিদ্যালয়ের এক এসএসসি পরীক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে ঘটনাটি সুষ্ঠু তদন্তসাপেক্ষে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি সড়ক দুর্ঘটনারোধে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ভোরের কাগজ** : প্রতিবছর অন্তত ১৫ হাজার নারী ও শিশু বিভিন্ন দেশে পাচার হচ্ছে, বেসরকারি সংস্থার জরিপে এ তথ্য উঠে আসার কথা উল্লেখ করে নারী-শিশু পাচার বন্ধে আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে কঠোর হওয়ার সুপারিশ।

চ. **নিউ এজ, ডেইলি সান :** বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাস যাতে বাংলাদেশে ছড়িয়ে পড়তে না পারে সে ব্যাপারে সতর্কতার পরামর্শ।

ছ. **ইন্ডিপেনডেন্ট**: মাদকের বিরুদ্ধে তরুণ প্রজন্মকে সোচ্চার হওয়ার আহ্বান।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতান্ত্রিক রাজনৈতিক ব্যবস্থার সমৃদ্ধকরণে সাধারণ জনগণের অবদান অবশ্যই স্মরণযোগ্য।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'চরাঞ্চল নিয়ে চাই দৃষ্টিভঙ্গি বদল'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়তে হলে চরের মানুষকে অর্থনীতির মূল স্রোতধারায় যুক্ত করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদদ/২০২০/৯.০০ঘন্টা